

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ-

মোছাঃ তানজিনা আফরোজ  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ,  
পীরগাছা, রংপুর।

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রিঃ।

স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, পীরগাছা, রংপুর।

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

অধ্যকার সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ তানজিনা আফরোজ এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়।

সভার আলোচ্য বিষয়সমূহঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
  - ২। পল্লী উন্নয়ন কার্যালয়ের সার্বিক বিষয় নিয়ে আলোচনা।
  - ৩। পল্লী উন্নয়ন কার্যালয়ের ঋণ আদায় সম্পর্কে আলোচনা।
  - ৪। বিবিধ।
- আলোচনা-০১ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।  
সিদ্ধান্ত গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পল্লী উন্নয়ন কার্যালয়ের সার্বিক বিষয় নিয়ে আলোচনাঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, পীরগাছা, রংপুর এর বিষয়ে সদস্য সচিব জানান যে, অত্র দপ্তরের সার্বিক কার্যক্রম ভাল চলছে। উদকনিক প্রকল্পের আওতাভুক্ত উপকারভোগীরা প্রশিক্ষণ সহায়তা পাচ্ছে। পাশাপাশি উপকারভোগী পল্লী উন্নয়ন প্যাকেজ সেবা প্রদানের লক্ষ্যে মোট ২১১৬জন উপকারভোগীকে আয়বর্ধমান কর্মকাণ্ডের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উদকনিক প্রকল্পের আওতায় ০৩ টি ইউনিয়নে ১০৫৬ জন উপকারভোগীকে জানুয়ারি/১৫ হতে মার্চ/২২ পর্যন্ত প্রশিক্ষণ ভাতা প্রদান এবং সার্টিফিকেট প্রদান করা হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ২৭৩জন মহিলাকে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৫০.৫১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ- উক্ত কার্যক্রমগুলো সঠিকভাবে ও নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পল্লী উন্নয়ন কার্যালয়ের ঋণ আদায় সম্পর্কে আলোচনাঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, পীরগাছা, রংপুর এর বিষয়ে সদস্য সচিব চেয়ারম্যান মহোদয়ের উদ্দেশ্যে জানান যে আপনাদের ইউনিয়নে আমার দপ্তরের বেশ কিছু খেলাপী সদস্য রয়েছে। সদস্যদের ঋণ পরিশোধের বিষয়ে তাগাদা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্তঃ- উক্ত কার্যক্রমগুলো সঠিকভাবে ও নিয়মিত পরিদর্শন এবং খেলাপীর সদস্যদের তালিকা ইউনিয়ন পরিষদের সচিবের নিকট পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। বিবিধঃ

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৫/২০২২

মোছাঃ তানজিনা আফরোজ  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও  
সভাপতি, উপজেলা পল্লী উন্নয়ন কমিটি  
পীরগাছা, রংপুর।

স্মারক নং- ৪৭.৬২.৮৫৭৩.০০৫.১৬.০০১.১৯.১৩৯

তারিখঃ-২৫/০৫/২০২২ খ্রিঃ।

এস,এম, শওকত আলম  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার





ও  
সদস্যসচিব, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি  
পীরগাছা, রংপুর।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।
- ৩। অফিস কপি।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষায়ক কমিটির সভার হাজিরা স্বাক্ষর ।

স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান কার্যালয়, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর ।

ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ তানজিনা আফরোজ মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর ।	সভাপতি	
০২	মোঃ আমিনুল ইসলাম চেয়ারম্যান, ৪নং অন্নদানগর ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর ।	সদস্য	
০৩	মোঃ নুর আলম চেয়ারম্যান, ১নং কল্যানী ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর ।	সদস্য	
০৪	মোঃ আবুল কালাম আজাদ জুয়েল চেয়ারম্যান, ৯নং কান্দি ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর ।	সদস্য	
০৫	এস, এম, শওকত আলম উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পীরগাছা, রংপুর ।	সদস্য সচিব	